# ইসলামী জীবন-ধারা

বিভাগ/অধ্যায়ঃ রাস্তার আদব

রচয়িতা/সঙ্কলকঃ আবদুল হামীদ ফাইযী

নারীদের রাস্তায় চলা

সাধারণতঃ নারী হল লজ্জাশীলা। আর লজ্জার দাবী হল এই যে, পথ চলতে পুরুষের সাথে প্রতিযোগিতা করবে না, পুরুষের দলে একাকার হয়ে মাঝপথে চলবে না। বরং রাস্তার এক সাইড ধরে পথ চলবে।

একদা মহিলারা নামায পড়ে বাড়ি ফিরছিল। রাস্তার মধ্যে তারা পুরুষদের সাথে মিশে গেল। তা দেখে আল্লাহর রসূল (ﷺ) মহিলাদের উদ্দেশ্যে বললেন, “থামো! তোমাদের জন্য রাস্তার মাঝে চলা বৈধ নয়। তোমরা রাস্তার এক পাশ দিয়ে চল।” এ নির্দেশ শুনে মহিলা (রাস্তার পাশে বাড়ির) দেওয়ালের সাথে লেগে পথ চলত। এমনকি দেওয়াল ঘেষে চলার ফলে তার কাপড় দেওয়ালে আটকে যেত![1]

## ফুটনোট

[1]. আবূ দাঊদ হা/৫২৭২

Source — https://www.hadithbd.com/books/link/?id=7968

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন